



"প্রতিদিন একবার হলেও আপনার
প্রতিষ্ঠানের ই-মেইল এবং বাকাশিবো
এর ওয়েব সাইট ভিজিট করুন"

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (টেক্সট শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
web site : www.bteb.gov. bd

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক নং বাকাশিবো/পঃ/টেক্স/২০১৭/৪৮

তারিখ : ০৫-০৪-২০১৭ খ্রিঃ

প্রাপক

অধ্যক্ষ

ডিপ্রোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের
সকল শিক্ষা প্রতিষ্ঠানস্বত্বাবতারি জন্য ।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১০ প্রবিধানসূত্র ৫ম, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত এবং ৪র্থ ও ৭ম পর্বের অকৃতকার্য বিষয়ের পরীক্ষা-২০১৭ বিগত ০২-০১-২০১৭ তারিখে শুরু হয়ে ১৬টি কার্য দিবসে তত্ত্বীয় পরীক্ষা ও ৮ কার্যদিবসে ব্যবহারিক পরীক্ষা গ্রহণসহ ০১ ফেব্রুয়ারী ২০১৭ পরীক্ষা শেষ হয়। ২য় বারের মত পরীক্ষা গ্রহণ শেষে ৬০তম দিবসে অদ্য ০৩-০৪-২০১৭খ্রিঃ তারিখে পরীক্ষা পরিষদের সুপারিশ মোতাবেক বোর্ডের অনুমোদনক্রমে ফলাফল এতদ্বারা প্রকাশ করা হলো। প্রকাশিত ফলাফলে কোন প্রকার অসংগতি বা অনভিপ্রেতঃ ভুলত্রুটি পরবর্তীতে পরিলক্ষিত হলে তা পরিবর্তন, সংশোধন ও বাতিল করার পূর্ণ ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

উল্লেখ্য যে, প্রকাশিত স্থগিত ফলাফল ক্ষেত্রে কোন আপত্তি থাকলে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে আগামী ১৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্রাদির সফটকপি textile.bteb@gmail.com ই-মেইলের ঠিকানায় এবং হার্ড কপি ডাকযোগে পাঠাতে হবে।

উত্তরপত্র পুনঃনিরীক্ষণ নির্ধারিত ফি প্রদান করতঃ, যে সকল পরীক্ষার্থীদের ফলাফলের (বিষয়ে/পর্বের) সংশোধনের জন্য অনলাইন (Online) এ আবেদন করবে তাদের সংশ্লিষ্ট ১ম, ২য় ও ৩য়পর্বের জিপিএ (৮মপর্বের ক্ষেত্রে প্রয়োজ্য) হাজিরা সিট, প্রবেশপত্র, টিসি/পিসি/পিএফ নম্বর ও প্রকাশিত ফলাফলের হার্ডকপি সত্যায়নসহ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অবশ্যই আগামী ১৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট তথ্যাদি প্রতিষ্ঠান প্রধানের সত্যায়নসহ ডাকযোগে অথবা স্বহস্তে জমা দেওয়া যাবে। নির্ধারিত সময়ের পর এ ধরনের কোন আবেদন বিবেচনা করা হবে না।

(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড
ফোনঃ ০২-৯১১৩২৮৩